

## আমিরাতে বন্যা বাংলাদেশ থেকে ৯ ফ্লাইট বাতিল

- A Monitor Desk Report

Date: 18 April, 2024



ঢাকা: রেকর্ড পরিমাণ বৃষ্টিতে বড় খরনের বন্যার কবলে পড়েছে মরুর দেশ সংযুক্ত আরব আমিরাতে। ডুবে যায় বিশ্বের দ্বিতীয় ব্যস্ততম দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়ে। এর মধ্যে বৃষ্টিপাত অব্যাহত থাকার আভাস দিয়েছে দেশটির আবহাওয়া বিভাগ।

এদিকে দুবাই বিমানবন্দরের সূচিতে বিপর্যয়ের প্রভাব পড়ে বিশ্বের অন্যান্য দেশের উড়োজাহাজ চলাচলেও। গতকাল (১৭ এপ্রিল) পর্যন্ত ঢাকা-দুবাই ও ঢাকা-শারজাহ রুটের ৯ ফ্লাইট বাতিল হয়। দুবাইয়ের সঙ্গে ১৫টি ফ্লাইট বাতিল করে ভারতের উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ। সব মিলিয়ে সংযুক্ত আরব আমিরাতে সঞ্চে বিভিন্ন দেশের কয়েক ডজন ফ্লাইট বাতিল হয়।

সংযুক্ত আরব আমিরাতে পাশাপাশি বাহরাইন, ওমান, কাতার ও সৌদি আরবেও কয়েক দিন ধরে ভারি বর্ষণ হচ্ছে। এর মধ্যে সবচেয়ে বেশি বৃষ্টিপাত হচ্ছে সংযুক্ত আরব আমিরাতে ও ওমানে।

১৯৪৯ সাল থেকে বৃষ্টিপাতের পরিমাণ রেকর্ড করে আরব আমিরাতে। কিন্তু মরুভূমির দেশটি এবারের মতো বৃষ্টিপাত গত ৭৫ বছরে দেখেনি। আরব আমিরাতে বছরে গড় বৃষ্টিপাত হয় ১৪০ থেকে ২০০ মিলিমিটার। সেখানে দেশটির আল আইন শহরের খাতম আল শাকলা এলাকায় ২৪ ঘণ্টারও কম সময়ে বৃষ্টিপাত রেকর্ড করা হয় ২৫৪ মিলিমিটার। দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরে বছরে গড় বৃষ্টিপাত ৯৪ দশমিক ৭ মিলিমিটার। কিন্তু সোমবার রাত থেকে ২৪ ঘণ্টায় বৃষ্টিপাত হয়েছে ১৪২ মিলিমিটার।

ভারি বৃষ্টিপাতের কারণে দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম একরকম অচল হয়ে পড়ে। বিমানবন্দরের এক মুখপাত্র বলেন, ‘রানওয়েতে পানি জমে যাওয়ায় উড়োজাহাজের সূচিতে বিপর্যয় দেখা দেয়।’

দুবাইয়ের সবচেয়ে বড় এয়ারলাইনস এমিরেটস জানিয়েছে, প্রতিকূল আবহাওয়ার কারণে তাদের সব ফ্লাইটে যাত্রীদের চেক-ইন বন্ধ রাখা হয়েছে। কায়রো-দুবাই রুটে গতকালের সব ফ্লাইট স্থগিত রাখে মিসরের রাষ্ট্রায়ত্ত্ব এয়ারলাইনস ‘ইজিপ্টএয়ার’। প্রতিষ্ঠানটি জানিয়েছে, আবহাওয়া পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত তাদের সব ফ্লাইট স্থগিত থাকবে। প্রতিকূল আবহাওয়ার কারণে গতকালের দুবাই-কলম্বো ফ্লাইট

বাতিল করে শ্রীলংকান এয়ারলাইনস।

আরব আমিরাতেৰ ভাৰি বৰ্ষণেৰ প্ৰভাব পড়েছে ঢাকা-দুবাই ও ঢাকা-শাৰজাহ বুটেক বিমান চলাচলেও। গতকাল পৰ্যন্ত এসব বুটেক নয়টি ফ্লাইট বাতিল কৰেছে হযৰত শাহজালাল আন্তৰ্জাতিক বিমানবন্দৰ কৰ্তৃপক্ষ। বিমানবন্দৰেৰ নিৰ্বাহী পৰিচালক কামৰুল ইসলাম জানান, বৈৰী আবহাওয়াৰ কাৰণে এয়াৰ অ্যাৰাবিয়া এয়াৰলাইনসেৰ পাঁচটি, এমিৰেটস এয়াৰলাইনসেৰ দুই ও ফ্লাই দুবাইয়েৰ দুটি ফ্লাইট বাতিল কৰা হয়েছে।

ভাৰি বৰ্ষণেৰ সঙ্গে বজ্ৰপাত ও ঝড়ো বাতাসও বয়ে যায় আরব আমিরাতে। কোনো কোনো বিশেষজ্ঞ মনে কৰেন, ঝড়েক গতিপথেৰ কাৰণে এত বৃষ্টিপাত হয়েছে। তবে কৃত্ৰিমভাবে বৃষ্টি নামানোক পদ্ধতি 'ক্লাউড সিডিং'কে দায়ী কৰেছেন কেউ কেউ।

-B